
১০৬

দৈনিক সংবাদ

তারিখ ... JUL .3 1999
পৃঃ ৬ কলাম ৭

# কৃষি বিশ্ববিদ্যালয়ের উপর বই

মোঃ হাবিবুর রহমান




১৯৬১ সালের ২রা সেপ্টেম্বর থেকে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হলেও একটি পূর্ণাঙ্গ তথ্যসমৃদ্ধ ইংরেজি পুস্তিকা প্রকাশিত হয়নি। এর অভাব দীর্ঘদিন ধরে অনুভূত হয়ে আসছিল। প্রবীণ শিক্ষাবিদ ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিজ্ঞানী প্রফেসর ডঃ মুহাম্মদ হোসেন ১৯৯৬ সালের ১৪ই নভেম্বর দায়িত্বভার গ্রহণের পর থেকেই তার সরাসরি তত্ত্বাবধানে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সার্বিক কার্যক্রমের উপর ভিত্তি করে ইংরেজি ভাষায় 'Bangladesh Agricultural University-An Introduction' শীর্ষক একটি তথ্য পুস্তিকা মুদ্রণের ব্যাপক উদ্যোগ গ্রহণ করেন। ১৯৯৯ সালের জানুয়ারি মাসে তথ্য পুস্তিকাটি প্রকাশিত হয়। তথ্য পুস্তিকাটির প্রথম ও শেষ পৃষ্ঠায় ৩টি করে ছবি ছাড়াও ভেতরের পৃষ্ঠাসমূহে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের উপর ৩২টি ছবি রয়েছে। বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রফেসর আবদুর রাজ্জাকের সম্পাদনায় বিশ্ববিদ্যালয়ের পক্ষে তথ্য পুস্তিকাটি প্রকাশ করেন জনসংযোগ ও প্রকাশনা দপ্তরের পরিচালক দেওয়ান রাশীদুল হাসান। এ ধরনের আন্তর্জাতিক মানসম্পন্ন আধুনিক তথ্য পুস্তিকাটি সম্বন্ধে শুভেচ্ছা বক্তব্য রেখেছেন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ মুহাম্মদ হোসেন। তিনি বলেছেন, তথ্য পুস্তিকাটি পড়ে পাঠকদের বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে একটি পরিষ্কার ধারণা জন্মাবে। অনুসন্ধিৎসুদের আগ্রহ বাড়বে এবং কৃষি বিজ্ঞানী, শিক্ষক-শিক্ষিকা, ছাত্রছাত্রী তথা জনসাধারণ উপকৃত হবে।

পুস্তিকাটির প্রথম দিকে রয়েছে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ইতিহাস, স্থান, উদ্দেশ্য, শিক্ষা কার্যক্রম, ভর্তির যোগ্যতা, উত্তীর্ণ ছাত্রছাত্রীর সংখ্যা, প্রফেসর, সহযোগী প্রফেসর, সহকারী প্রফেসর এবং লেকচারারের সংখ্যা, ছাত্রছাত্রীর সংখ্যা, গবেষণার বিস্তারিত তথ্য, ট্রেনিংয়ের তথ্যাদি, গবেষণার অন্যান্য তথ্যাদি, ক্রীড়াঙ্গনের তথ্যাদি, ছাত্র বিষয়ক বিভাগের কার্যক্রম, স্বাধীনতা যুদ্ধে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম, চার্ট ও টেবিলসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম, সিন্ডিকেট ও বিভিন্ন অনুষদীয় সদস্যসহ আবাসিক হলসমূহ ও সেকশন প্রধানের পরিচিতি।

এছাড়াও তথ্য পুস্তিকাটির পরিশিষ্ট এতে রয়েছে ছয়টি অনুষদের ব্যাচেলর ও মাস্টার্স ডিগ্রি কোর্সের কারিকুলাম লে-আউট, বিতে রয়েছে শিক্ষা বিভাগের শিক্ষকদের নাম, পদবি ও ডিগ্রি, সিতে রয়েছে দেশ অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত নাম এবং ডিতে রয়েছে ABBREVIATION & ACRONYMS.

তাৎপর্যপূর্ণ ও অর্থবহ তথ্য পুস্তিকাটি ছাপা সুন্দর, প্রচ্ছদ অর্থপূর্ণ ও চমৎকার। তথ্য পুস্তিকাটির মূল্য বাংলাদেশী মুদ্রায় টাকা ১০০ মাত্র এবং আমেরিকান ৫ ডলার। কোষাধ্যক্ষ অফিসে টাকা জমা দিয়ে রসিদ উপস্থাপন সাপেক্ষে জনসংযোগ ও প্রকাশনা দপ্তর থেকে পুস্তিকাটি সংগ্রহ করা যাবে।